উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২-২৭৭ তারিখ ঃ ২৪/০৩/২০২২ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ৩১ ই মার্চ ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

২৪/০৩/২২
(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ৩১/০৩/২০২২ খ্রি.
সময় : বেলা ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৩/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী সভায় সকলকে স্বাগত জানিয়ে তার বক্তব্যে জানান যে, অত্র উপজেলায় এলজিইডি কতৃক বাস্তবায়নাধীন কার্যক্রম সাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়াও অত্র উপজেলায় এডিপি কর্তৃক টেন্ডারকৃতস্কীম সমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষ জনক। তিনি তার বক্তব্যে জানান আরো জানান যে,অত্র উপজেলায় বিভিন্ন সময়ে অত্র এলাকার সুধীজন সড়ক উন্নয়নের নিমিত্তে এলজিইডির RSDMS Software এ অন্তর্ভূক্তির জন্য আবেদন করেন। প্রাপ্ত আবেদন সমূহ যাচাই পূর্বক অত্র মাসিক সাধারণ সভায় উপস্থাপন করা হয়। উস্থাপিত তালিকা সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হওয়ায় তা পরবর্তী প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করা যেতে পারে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ আমিরাবাড়ী নাসাবিল হতে শিমুলিয়া বাজার পর্যন্ত খাল পুনঃ খননের জন্য সভায় প্রস্তাব করেন। | প্রস্তাবমতে বিষয়টি সরেজমিনে তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | চেয়ারম্যান, কানিহারি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কানিহারি ইউনিয়নে অবস্থিত পাগারিয়া খাল, মান্দাটিয়া খাল, বড় খাল ও ছোট খাল ০৪ টি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাল হিসেবে বিবেচিত। উক্ত খালগুলো দুপাড়ে | প্রস্তাবমতে উক্ত খালগুলো পুনঃ খনন করার জন্য এলজিইডির ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন | |

| | | | |
|---|---|---|---|
| | শত শত একর ফসলি জমি অবস্থিত। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, খালগুলো ভরাট হয়ে যাওয়ার কারনে প্রত্যেক বছর বৈশাখ-জৈষ্ঠ মাসে ও আশ্বিন-কার্তিক মাসের বৃষ্টির কারনে উল্লেখিত এলাকায় বোরো ও আমন ফসল বৃষ্টির পানিতে তলিয়ে যায়। এমতাবস্থায় পাগারিয়া খাল, মান্দাটিয়া খাল, বড় খাল ও ছোট খাল ০৪ টি পুনঃ খনন করা অত্যন্ত জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত খালগুলো পুনঃ খনন করার জন্য এলজিইডির ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের কর্তৃপক্ষ বরাবরে আবেদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এছাড়া তিনি সভায় আরোও জানান যে, এলংজানি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তার উপরে দীর্ঘদিনের পুরোনো একটি রেইনট্রি গাছ রয়েছে। এই গাছটির জন্য জনগনের চলাচলের অসুবিধাসহ, কৃষি ও মৎস্য চাষ বিঘ্নিত হচ্ছে। তাই জনগনের সুবিধার্থে গাছটি জরুরী ভিত্তিতে কর্তনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | প্রকল্পের কর্তৃপক্ষ বরাবরে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং গাছ কর্তনের বিষয়টি বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কার্যালয় হতে নিয়মিত ভাবে স্থায়ী ও দীর্ঘমেযাদী পদ্ধতির সেবা দেওয়া হচ্ছে। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে নিয়মিত মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য স্যাটেলাইট ক্লিনিক পরিচালিত হচ্ছে। গর্ভবতী মায়েদের প্রসবপূর্ব সেবা (এ.এন.সি) ও প্রসব পরবর্তি সেবা ( পি.এন.সি) প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৬ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মৌসুমে ১৯৯৫০ হেঃ জমিতে বোরো আবাদ হচ্ছে। পেনিকেল ইনিসিয়েশন ৫৫% বোরো ৩৩% ও ফুল অবস্থায় ১২% বোরো ধান রয়েছে। সার পরিস্থিতি সাভাবিক রয়েছে। ইউরিয়া সার ৭৯০ মেঃ টন, এম ও পি ৩২ মেঃ টন ডি এ পি ১১৫ টন ও টি এস পি ৬২ মেঃ টন মজুদ রয়েছে। আসন্ন আউস মৌসুমে | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| | ৩৬৪০ জন কৃষকের মাঝে আউস প্রনোদনা প্রদান করা হবে। এই প্ররোদনার প্রতি জন কৃষককে ২০ কেজী ডি এ পি,১০ কেজী এম ও পি ও ৫ কেজী উফসী ধানবীজ প্রদান করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | | |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ০২/০৩/২০২২ মার্চ থেকে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক ত্রিশালের ১৮১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয় গুলোতে সরাসরি শ্রেনীপাঠ কার্যক্রম চলছে। বিদ্যালয় গুলোতে পড়াশুনার পাশাপাশি সরকারী নির্দেশনার অনুযায়ী অনান্য কার্যক্রম যেমন ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন,সুবর্ণ জয়ন্তী উদযাপন ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন জাতীয় শিশু দিবস উদযাপন ২৫ মার্চ গণহত্যা দিবস উদযাপন ও ২৬ মার্চ স্বাধীনতা দিবস উদযাপিত হয়েছে। বর্তমানে ২৭/০৩/২০২২- ০২/০৪/২০২২ বিদ্যালয় গুলোতে ক্ষুদে ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরিক্ষা চলছে, উচ্চতা পরিমাপ ওজন পরিমাপ ও চোখ পরিক্ষা করা হচ্ছে।<br>এছাড়া শিক্ষা বিভাগের দাপ্তরিক অন্যান্য কাজসমূহ সুষ্ঠভাবে চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি, সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছর হতে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে সরাসরি অত্র উপজেলায় ৩৪৯৭৬ ( চৌত্রিশ হাজার নয়শত ছিয়াত্তর) জন ভাতাভোগীর নামে নিবন্ধনকৃত ভাতাভোগীর মোবাইলে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। মোবাইলে অর্থ প্রদান করার কারণে (১) মৃত ভাতাভোগীর তথ্য পাওয়া যাচ্ছে না (২) অবৈধ ভাতাভোগী শনাক্ত করা যাচ্ছে না (৩) নগদ হিসাবের পিন বা হিসাব সংশ্লিষ্ট সমস্যা সমাধান করা যাচ্ছে না (৪) জিটুপি বাস্তবায়নে ভাতাভোগীর দায়িত্ববোধ বিষয়ে অনেক ভাতাভোগী সচেতন নয় (৫) সহজ সরল ভাতাভোগীগণ প্রতারক চক্র কর্তৃক প্রতারণার স্বীকার হচ্ছেন (৬) মধ্যসত্য ভোগীর দৌরাত্য বৃদ্ধি পাচ্ছে (৭) প্রকৃত ভাতাভোগীর অর্থ প্রাপ্তি শতভাগ নিশ্চিত করা যাচ্ছে না (৮) অন্য উপজেলা বা জেলার ভাতাভোগী শনাক্ত করা যাচ্ছে না (৯) ভাতাভোগী সশরীরে না এসে নমিনী বা পরিবারের সদস্যদের দ্বারা সেবা প্রাপ্তি নিশ্চিত করা যাচ্ছে না (১০) একাধিক মোবাইল সীম ধারনকারী শনাক্ত করা যাচ্ছে না (১১) ভাতা | ১। সকল ভাতাভোগীর অনুকুলে ভাতাকার্ড ইস্যু করা হবে।<br>২। ভাতাকার্ডের (প্রতিটি কার্ডে) সর্বসাকুল্যে =১০০/- (একশত) টাকা খরচ ভাতাভোগীদের বহন করতে হবে।<br>৩। শতভাগ সচ্ছতা নিশ্চিত করণের জন্য ভাতাকার্ড উপজেলা সমাজসেবা কার্যালয়/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে ইউপি চেয়ারম্যান বা তার প্রতিনিধি, উপজেলা | উপজেলা সমাজসেবা অফিসার/ ভাতা বাস্তবায়ন কমিটি| |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে কিন্ত ভাতাভোগী জ্ঞাত নয় এমন ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না (১২) অপেক্ষমাণ ভাতাভোগীদের প্রতিস্থাপন করা যাচ্ছে না ইত্যাদি। উপজেলা সমাজসেবা অফিসার আরও জানান যে, প্রচলিত ভাতাবহির স্থলে চিপ সম্বলিত কিউআর কোড সন্নিবেশিত ভাতা কার্ড ইস্যু করে ভাতাভোগীর সশরীরে উপস্থিত নিশ্চিত করে বিতরণ করা যায়, তাহলে উপর্যুক্ত সমস্যাগুলোর সমাধান হবে। সভাপতি মহোদয় বলেন যে, সমাজসেবা অফিসার বিষয়টি নিয়ে ইতোমধ্যে আমার সাথে বিস্তারিত কথা বলেছেন।বর্ণিত বিষয়টির সুবিধা- অসুবিধা বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণান্তে আমার কাছে প্রস্তাবিত বিষয়টি যৌতিক মনে হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে সহমত পোষণ করে বলেন যে, বর্ণিত প্রস্তাবটি উদ্‌ভুত সমস্যা সমাধানে একটি যৌক্তিক প্রস্তাব এবং এর একটি খরচও হবে। চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন যে, ভাতা কার্ড ইস্যু করা হয় তাহলে ভাতাভোগীদের এর ব্যয়ভার বহন করতে হবে। কারণ আমাদের এমন কোন তহবিল যেখান থেকে ভাতাকার্ডের ব্যয়ভার বহন করা যায়। তিনি ভাতাকার্ডের একটি নমুনা প্রদর্শন করে বলেন যে, যদি এমন কার্ড ইস্যু করা হয়। তাহলে সর্বসাকুল্যে =১০০/- (একশত) টাকা খরচ পড়বে, যা ভাতাভোগীকে বহন করতে হবে। উপস্থিত সকল সদস্যকে উদ্দেশ্য করে তিনি বলেন যে, সকলের ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্ত ছাড়া সংবেদনশীল এ প্রস্তাব বাস্তবায়ন করা সম্ভব নয়। চেয়ারম্যান, ০৯ নং বালিপাড়া ইউপি বলেন যে, পরিষদের সকল চেয়ারম্যানদের সংশ্লিষ্ট করতে পারলে এ কাজটি সহজ হবে এবং আমাদের যৌক্তিক সংশ্লিষ্টতা নিশ্চিত করতে হবে। সকল সদস্য তার সহমত পোষণ করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে সকল ইউ,পি চেয়ারম্যান একমত পোষণ করে বলেন শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করণের জন্য ভাতাকার্ড সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বা তার প্রতিনিধি, উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের সার্বিক ব্যবস্থাপনায় বিতরণ করতে হবে। বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সকল সদস্য বর্ণিত প্রস্তাবের সাথে সহমত পোষণ করেন। | চেয়ারম্যানের প্রতিনিধি এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের সার্বিক ব্যবস্থাপনায় বিতরণ করা হবে।<br>৪। স্বচ্ছতা নিশ্চিত করণের জন্য কারো কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না। | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ :<br>উপজেলা সমবায় অফিসার জানান যে,সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় সমিতি সমূহের সদস্যদের মাঝে দীর্ঘ মেয়াদি প্রশিক্ষনের মধ্যে ড্রাইভিং ইলেক্ট্রিক্যাল,প্লানিং,..সেলাই,বেকিং প্রশিক্ষন শুরু হয়েছে।সেখানে ত্রিশাল থেকে প্রশিক্ষনার্থীরা দেশের বিভিন্ন প্রশিক্ষন কেন্দ্রে ২ মাস ব্যাপী প্রশিক্ষন গ্রহণ করে থাকে। এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে বলে জানান। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৭ | বিবিধ ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল সভায় জানান যে, জনাব নাঈমা হক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ গত ৩০/০৩/২০২২ ইং তারিখে উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে জাতীয় বেতন | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে, জনাব নাঈমা হক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও |

| | | | |
|---|---|---|---|
| | স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ী একই পদে চাকুরিকাল ১০ বছর পূর্তি হওয়ায় তাকে পরবর্তী উচ্চতর গ্রেড ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১০০০-২৬৫৯০/- টাকার বেতনক্রম (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে ) উচ্চতর গ্রেড মঞ্জুর প্রদানের জন্য এবং জনাব মোঃ মামুনুর রশিদ, জীপ চালক , উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ গত ৩০/০৩/২০২২ ইং তারিখে উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ী একই পদে চাকুরিকাল ১০ বছর পূর্তি হওয়ায় তাকে পরবর্তী উচ্চতর গ্রেড ৯৭০০-২৩৪৯০/- টাকার বেতনক্রম হতে ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম (১৫ তম গ্রেড হতে ১৪ তম গ্রেডে ) উচ্চতর গ্রেড মঞ্জুর প্রদানের জন্য সুপারিশ করেন । | অপারেটর, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহকে ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১০০০-২৬৫৯০/- টাকার বেতনক্রম (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে ) উচ্চতর গ্রেড মঞ্জুর প্রদানের জন্য এবং জনাব মোঃ মামুনুর রশিদ, জীপ চালক , উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহকে ৯৭০০-২৩৪৯০/- টাকার বেতনক্রম হতে ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম (১৫ তম গ্রেড হতে ১৪ তম গ্রেডে ) উচ্চতর গ্রেড মঞ্জুর প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাংলা ১৪২৯ সনে ত্রিশাল উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন ২২ টি হাট-বাজারের মধ্যে ১৭ টি হাট-বাজার ইজারা প্রদান করা হয়েছে। বাকী ধানীখোলা বাজার, মৃর্ধার বাজার, পোড়াবাড়ী বাজার, শিমুলিয়া বাজার ও মঠবাড়ী বাজারগুলো ইজারা প্রদানের জন্য কোন ডাককারী পাওয়া যায়নি। ইজারাকৃত ১৭ টি হাট-বাজার উপজেলা পরিষদের অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ইজারাকৃত ১৭টি হাটবাজার অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাকী ৫টি বাজারের কোন ডাককারী না পাওয়ায় খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবমতে, ইজারাকৃত ১৭ টি হাট-বাজার উপজেলা পরিষদের অনুমোদনের এবং বাকী ৫টি বাজার খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল, ময়মনসিংহ। সংশ্লিষ্ট ইউপি, চেয়ারম্যান। উপজেলা পরিষদ ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২- তারিখ : ৩১/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা -------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

৩১/০৩/২২

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

জরিপ ছক-৭

জেলাঃ ময়মনসিংহ

তারিখঃ ৩১/০৩/২০২২

| উপজেলার নাম | ক্রমিক নং | প্রস্তাবিত নতুন সড়কের তথ্য | | | | নতুন সড়ক অন্তর্ভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রদান করতে হবে |
|---|---|---|---|---|---|---|
| | | সংগা অনুযায়ী | | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কিঃমিঃ) | |
| | | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেণী | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Trishal | 1 | 361945197 | VR-B | Uzan Boilor Torofder bari-Habib member House Road. | 1.500 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 2 | 361945198 | VR-B | Horirumpur Vatipara Boro Mosque-Malivita Road | 2.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 3 | 361945199 | VR-B | Katakhali Danikhola Pacca road (near Katakhali bazar) Abul Doctor bari-Moishateki Miler bazar to Dewkhola Boiragir bazar Pacca Road at Mahanir Bridge Road. | 3.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 4 | 361945200 | VR-B | Ragamara bazar Road at Late Johor Uddin House-Kofil Sarker House Road. | 2.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 5 | 361945201 | VR-B | Babupur Boga Bill More - Ramjan House Road Via Aual Member House & Community Clinic | 2.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 6 | 361945202 | VR-B | Soteropara Ucha Vita-Rohul Chairman House Road. | 1.500 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 7 | 361945203 | VR-B | Jobaida Feroza School - Kalam House Road via Seraj Member & Abul Member House Road. | 3.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 8 | 361945204 | VR-B | Darilla Pachimpara Moddopara-Pagaria River Road via Eidgah Math. | 1.500 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 9 | 361945205 | VR-B | Kazirkanda Fakirbair-Hajir More via Rahim Uddin Khan Member House Road | 2.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 10 | 361945206 | VR-B | Konabari-Chanderteki-Motinchirmanbari via Ragamara Road. | 2.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 11 | 361945207 | VR-B | Danikhola Chowpagaria village behind Altaf Member House Khal-Alam Sarker House Mosque Road via Abdul Latif Mondol House Road. | 2.500 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 12 | 361945208 | VR-B | Darilla Purbapara at Nurul Quran Hafezia Madrasha- Uttarpara Hasim's Shop Road. | 3.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 13 | 361945209 | VR-B | House of Madani MP-Pachpara Katakhal Bridge Road . | 0.550 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| Trishal | 14 | 361945210 | VR-B | Petraghat Pacca Road to Mirbari hoya Entaj Haji Bari Mosque Road. | 3.000 | সড়কটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নতুন হিসাবে ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 14 | | VR-B | Total | 29.550 | |

27.03.22

(নামঃ মোঃ শওকত আলী খান)
উপ-সহকারী প্রকৌশলী
উপজেলাঃ ত্রিশাল
জেলাঃ ময়মনসিংহ

28-03.2022

(নামঃ মোঃ মনিরুজ্জামান)
উপজেলা প্রকৌশলী
উপজেলাঃ ত্রিশাল
জেলাঃ ময়মনসিংহ

# ০৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ কার্য্যালয়

উপজেলা ঃ ত্রিশাল, জেলা ঃ ময়মনসিংহ।

প্রতি,

উপজেলা প্রকৌশলী
উপজেলা ঃ ত্রিশাল।
জেলা ঃ ময়মনসিংহ।
বিভাগ ঃ ময়মনসিংহ।

**বিষয় ঃ এলজিইডি কর্তৃক বাস্তবায়িত ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর অধীন নতুন উপ-প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক অবগতির জন্য জানাচ্ছি যে, এলজিইডি কর্তৃক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর অধীন বাস্তবায়নের জন্য স্থানীয় জনগণ কর্তৃক এই ইউনিয়নে ০১ (এক) টি উপ-প্রকল্প চিহ্নিত করা হয়েছে। আরও জানানো যাচ্ছে যে, উক্ত উপ-প্রকল্পে এলজিইডি কর্তৃক নির্মিত পানি ব্যবস্থাপনা অবকাঠামোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (পওর) এর যাবতীয় দায়িত্ব নিতে স্থানীয় জনগণ "পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি" (পাবসস) গঠন করে এর সদস্যপদ গ্রহণে সম্মত আছে। উক্ত উপ-প্রকল্প নির্মাণ কার্যক্রমে সহযোগিতা এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় সক্রিয় অংশগ্রহণের জন্য তারা ইতোমধ্যে একটি কার্যকরী কমিটিও গঠন করেছে।

চিহ্নিত উপ-প্রকল্পটি ইউনিয়ন পরিষদের ২০ দিন ০১ মাস ২০২২ সাল তারিখের সভায় সকল সদস্যদের উপস্থিতিতে আলোচনা করা হয়েছে এবং যথাযথ বিবেচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি ত্রিশাল এর নিকট উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রস্তাবিত উপ-প্রকল্পের নাম ঃ

১. **পাগারিয়া খাল পুনঃখনন উপ-প্রকল্প।**

সংযুক্তি ঃ ১) ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণী। ২) স্থানীয় জনগণের আবেদন পত্র। ৩) প্রস্তাবিত উপ-প্রকল্পের বিস্তারিত তথ্য। ৪) উপ-প্রকল্প প্রস্তাব। ৫) প্রস্তাবিত উপ-প্রকল্প এলাকার মানচিত্র।

আপনার বিশ্বস্ত,

**(মোঃ শহীদ উল্লাহ মন্ডল)**
চেয়ারম্যান
৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ
উপজেলা ঃ ত্রিশাল, জেলাঃ ময়মনসিংহ।

# ৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ কার্য্যালয়

ডাকঘর ঃ আহম্মদা বাদ, উপজেলা ঃ ত্রিশাল, জেলা ঃ ময়মনসিংহ।

সভার কার্যবিবরণী সহির অবিকল নকল অনুলিপি

সভাপতি ঃ জনাব মোঃ শহীদ উল্লাহ মন্ডল
চেয়ারম্যান
৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

সভার স্থান ঃ ইউপি কার্যালয়
তারিখ ঃ ২০-০১-২০২২ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোঃ শহীদ উল্লাহ মন্ডল | চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ০২. | মোঃ কামাল হোসেন | ইউপি সদস্য ওয়ার্ড নং-১ | স্বাক্ষরিত |
| ০৩. | মোঃ লোকমান হেকিম | ইউপি সদস্য ওয়ার্ড নং-২ | স্বাক্ষরিত |
| ০৪. | মোঃ গোলাম মোস্তফা | ইউপি সদস্য ওয়ার্ড নং-৩ | স্বাক্ষরিত |
| ০৫. | মোঃ জিন্নাত উল্লাহ | ইউপি সদস্য ওয়ার্ড নং-৪ | স্বাক্ষরিত |
| ০৬. | মোঃ আনিসুর রহমান | ইউপি সদস্য ওয়ার্ড নং-৫ | স্বাক্ষরিত |
| ০৭. | মোঃ গিয়াস উদ্দিন মীর | ইউপি সদস্য ওয়ার্ড নং-৬ | স্বাক্ষরিত |
| ০৮. | এ এস এম ফারুক | ইউপি সদস্য ওয়ার্ড নং-৭ | স্বাক্ষরিত |
| ০৯. | মোঃ ফয়েজ উদ্দিন | ইউপি সদস্য ওয়ার্ড নং-৮ | স্বাক্ষরিত |
| ১০. | মোঃ মনির উদ্দিন | ইউপি সদস্য ওয়ার্ড নং-৯ | স্বাক্ষরিত |
| ১১. | মোসাঃ নাজমা খাতুন | ইউপি সদস্যা ওয়ার্ড নং-১,২,৩ | স্বাক্ষরিত |
| ১২. | মোসাঃ রহিমা খাতুন | ইউপি সদস্যা ওয়ার্ড নং-৪,৫,৬ | স্বাক্ষরিত |
| ১৩. | মোসাঃ রুমা আক্তার | ইউপি সদস্যা ওয়ার্ড নং-৭,৮,৯ | স্বাক্ষরিত |

**আলোচ্য সূচী ঃ**

ক) বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন। .

খ) এলকার জলাবদ্ধতা নিরশন কল্পে পাগারিয়া খাল, মান্দাটিয়া খাল, বড় খাল ও ছোট খাল ৪টি খাল পুনঃখনন সম্পর্কিত আলোচনা।

গ) বিবিধ।

অদ্যকার সভায় সভাপতির আসন গ্রহণ করেন, জনাব মোঃ শহীদ উল্লাহ মন্ডল চেয়ারম্যান, ৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করার পর সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় ইউপি সদস্য জনাব মোঃ আনিসুর রহমান জানান যে, কানিহারি ইউপি'র আওতাধীন পাগারিয়া খাল, মান্দাটিয়া কাল, বড় খাল ও ছোট ৪টি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাল হিসাবে বিবেচিত। উক্ত খালগুলো দুপাড়ে শত শত একর ফসলি জমি অবস্থিত। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, খালগুলা ভরাট হয়ে যাওয়ার কারণে প্রত্যেক বছর বৈশাখ-জৈষ্ঠ মাসে ও আশ্বিন-কার্তিক মাসের বৃষ্টি কারণে উল্লেখিত এলাকায় বোরো ও আমন ফসল বৃষ্টির পানিতে তলিয়ে যায়। এমতাবস্থায় পাগারিয়া খাল, মান্দাটিয়া খাল, বড় খাল ও ছোট খাল ৪টি পুনঃখনন করা অত্যন্ত জরুরী। বিষয়টির উপর বিস্তারিত আলাপ-আলোচনা ও পর্যালোচনার পর উক্ত খাল গুলো পুনঃখনন করার জন্য এলজিইডি'র ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের কর্তৃপক্ষ বরাবরে আবেদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ ঃ ২০-০১-২০২২ইং

(মোঃ শহীদ উল্লাহ মন্ডল)
চেয়ারম্যান
৪নং কানিহারি ইউনিয়ন পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।